

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৮৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪) সাধারণ ভাবে নামাযের প্রতি উদ্বুদ্ধকরণ, রুকু, সেজদা এবং বিনয় নম্রতার ফ্যীলত

الترغيب في الصلاة مطلقا وفضل الركوع والسجود والخشوع

আরবী

(صحيح) وَعَنْ مَعْدَانِ بْنِ أَبِي طَلْحَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَقِيتُ ثَوْبَانَ مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ أَحْبِرْنِي بِعَمَلٍ أَعْمَلُهُ يُدْخِلُنِي اللَّهُ بِهِ الْجَنَّةَ أَوْ قَالَ قُلْتُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ أَحْبِرْنِي بِعَمَلٍ أَعْمَلُهُ يُدْخِلُنِي اللَّهُ بِهِ الْجَنَّةَ أَوْ قَالَ قُلْتُ بِأَوْتُهُ الثَّالِثَةَ فَقَالَ سَأَلْتُ عَنْ ذَلِكَ بِأَحْبِ الْأَعْمَالِ إِلَى اللَّهِ فَسَكَتَ ثُمَّ سَأَلْتُهُ فَسَكَتَ ثُمَّ سَأَلْتُهُ الثَّالِثَةَ فَقَالَ سَأَلْتُ عَنْ ذَلِكَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ عَلَيْكَ بِكَثْرَةِ السُّجُودِ لِلَّهِ فَإِنَّكَ لَا تَسْجُدُ لِلَّهِ سَجُدَةً إِلَّا رَفَعَكَ اللَّهُ بِهَا دَرَجَةً وَحَطَّ عَنْكَ بِهَا خَطِيئَةً. رواه مسلم والترمذي والنسائي وابن ماجه

বাংলা

৩৮৫. (সহীহ্) মা'দান বিন আবু তালহা থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহর (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আযাদকৃত কৃতদাস ছাওবান (রাঃ)এর সাথে দেখা করলাম। আমি তাঁকে বললাম, আপনি আমাকে এমন একটি আমলের সংবাদ দিন যা করলে আল্লাহ তা'আলা বিনিময়ে আমাকে জান্নাতে প্রবেশ করাবেন। অথবা তিনি এমন প্রশ্ন করলেন: আল্লাহর কাছে সবচেয়ে পছন্দনীয় আমল কোনটি? ছাওবান (রাঃ) নীরব থাকলেন, আমি আবার তাকে এই প্রশ্ন করলাম তিনি নীরব থাকলেন, তারপর আমি আবারও তাকে এই প্রশ্নটি করলাম, তখন তিনি বললেন ঠিক এরকম প্রশ্ন আমি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে করেছিলাম। তখন তিনি বলেছিলেনঃ

"তুমি অধিকহারে আল্লাহকে সিজদা করবে। কেননা যখনই তুমি আল্লাহর উদ্দেশ্যে একটি সিজদা করবে তখন আল্লাহ তা'আলা তোমার একটি মর্যাদা উন্নীত করবেন এবং তোমার একটি গুনাহ মাফ করে দিবেন।"

(ইমাম মুসলিম ৪৭৭ তিরমিয়ী ৩৮৮, নাসাঈ ২/২২৮, ইবনে মাজাহ ১৪২৩ হাদীছটি বর্ণনা করেছেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মা'দান ইবনু তলহাহ আল ইয়া'মুরী (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন